

**সিলেটে সংবর্ধনায় অর্থমন্ত্রী  
আরও ৭ হাজার  
মাধ্যমিক স্কুলে ভবন  
নির্মাণ করা হবে**

■ সিলেট ব্যারো

বর্তমান সরকার শিক্ষা বাজে ব্যাপক উন্নয়ন করেছে-উল্লেখ করে অর্থমন্ত্রী আব্দুল মাল (আবদুল মুহিত জাহানিয়েছেন, সারাদেশে ৫ হাজার মাধ্যমিক স্কুলে একাডেমিক ভবন নির্মাণ করা হয়েছে। আগামীতে আরও ৭ হাজার মাধ্যমিক স্কুলে একাডেমিক ভবন নির্মাণের পরিকল্পনা চলছে। গতকাল শনিবার বিকেলে দক্ষিণ সুরমার পাঠানপাড়ায় জহির তাহির মেমোরিয়েল উচ্চ বিদ্যালয়ের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এ কথা জানান।

অর্থমন্ত্রী বলেন, দেশের বিদ্যুৎ উৎপাদনে বর্তমান সরকার সফল হয়েছে। কিছু দিনের মধ্যে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ১০ হাজার মেগাওয়াট ছাড়িয়ে যাবে। এই সরকারের আমলে সিলেটে নতুন করে দুটি সরকারি মাধ্যমিক স্কুল স্থাপন করা হয়। একটি আপনাদের দক্ষিণ সুরমায়, অন্যটি উত্তর সুরমায়। আমি স্কুলের সার্বিক উন্নয়নে সব সময় পাশে থাকব।